# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

## পাক্ষিক নদী বিজ্ঞপ্তি নং-১৯

মাস ঃ অক্টোবর/২০২২ (প্রথম পাক্ষিক সংক্ষিপ্ত)

(০১-১০-২০২২ হতে ১৫-১০-২০২২ তারিখ পর্যন্ত কার্যকর থাকবে)

মুজিব বর্ষের অঙ্গীকার
নদী রাখবো পরিস্কার

| নথি নং-১৮.১১.০০০০.৩৮২.৩৪.০০৭.২২/2284(৬) | | | | তারিখঃ ২৮/০৯/২০২২ইং। | | |
|---|---|---|---|---|---|---|
| ক্রঃ নং | নৌ-পথের নাম | দুরুত্ব (কিঃ মিঃ) | শোলের নাম ও গভীরতা | নৌ-চলাচলের জন্য উন্মুক্ত | প্রটোকল রুট নং | ড্রাফট সীমা (সর্বোচ্চ) |
| ১. | নারায়ণগঞ্জ-চট্টগ্রাম | ২৮২ | ভাষানচর এবং বয়ারচর এলাকায় ৩.৫০ মিঃ | দিবা/রাত্রি | ১,২,৩,৪,৭,৮ | ৩.৯৬ মিঃ* |
| ২ | ঢাকা-নারায়ণগঞ্জ | ৩১ | নাব্যতা সংকট নেই | দিবা/রাত্রি | ১,২,৩,৪,৭,৮ | ৩.৯৬ মিঃ |
| ৩ | নারায়ণগঞ্জ-ঘোড়াশাল | ৪৯ | নাব্যতা সংকট নেই | দিবা/রাত্রি | ৩,৪,৭,৮ | ৩.৯৬ মিঃ |
| ৪ | চাঁদপুর-বরিশাল (কালিগঞ্জ হয়ে) | ৯৩ | রসুলপুর ২.৪৩ মিঃ | দিবা/রাত্রি | ১,২,৩,৪ | ৩.৬৫ মিঃ* |
| ৫. | দাউদকান্দী-সোনামুড়া (বিবিরবাজার) | ৯৮ | - | শুধু দিনে | ৯,১০ | (বন্ধ) |
| ৬ | বরিশাল-পটুয়াখালী-গলাচিপা-পায়রা বন্দর | ১৪৯ | শেয়াকাঠী এবং ইছাদি ২.০০ মিঃ | দিবা/রাত্রি | | ৩.০০ মিঃ* |
| ৭. | বরিশাল-পায়রা বন্দর (দুর্গাপাশা-দশমিনা-চরকাজল হয়ে) | ১৪২ | রাঙ্গাবালী ২.১০ মিঃ | দিবা/রাত্রি | | ৩.৯৬ মিঃ* |
| ৮. | বরিশাল-খুলনা (এমজি ক্যানেল হয়ে) | ১৮৪ | মাছমারা হতে উলুবুনিয়া, উলুবুনিয়া-ঘাষিয়াখালী ৩.৬৫ মিঃ | দিবা/রাত্রি | ১,২,৩,৪ | ৩.৬৫ মিঃ* |
| ৯. | মংলা-আংটিহারা-রায়মঙ্গল | ১৩৮ | চালনা, দাকোপ, বটবুনিয়া, কালিবাড়ী, আড়াশিবসা, শিংগেরনালা ও বজবজা-৩.৬০ মিঃ | দিবা/রাত্রি | ১,২,৩,৪ | ৩.৬০ মিঃ* |
| ১০. | খুলনা-নোয়াপাড়া | ৩৩ | চালনা, চুনকড়ি, মইদরা, ফুলতলা, ধলগ্রাম, রানাগাতি,তালতলা ও নওয়াপাড়া -৩.৬৫ মিঃ | দিবা/রাত্রি | | ৩.৬৫ মিঃ* |
| ১১. | ঢাকা-রামচর-মাদারীপুর | ১৭২ | খাসেরহাট, মহিসেরচর, ফাইসাতলা, খুনেরচর ও বান্দেরহাট-৩.৪৫ মিঃ | দিবা/রাত্রি | | ৩.৫৫ মিঃ* |
| ১২. | ঢাকা-নন্দিরবাজার-হুলারহাট | ২০৮ | ইব্রাহিমপুর ২.৭৪ মিঃ | দিবা/রাত্রি | | ৩.৫১ মিঃ* |
| ১৩. | বরিশাল-পটুয়াখালী (ভায়া দপদপিয়া) | ৮৪ | কলাগাছিয়া-১.৫০ মিঃ | দিবা/রাত্রি | | ৩.৬৫ মিঃ* |
| ১৪. | বরিশাল-লালমোহন-ভোলা (ভায়া দূর্গাপাশা) | ৮৮ | নাজিরপুর ২.৭৪ মিঃ | দিবা/রাত্রি | | ২.৮০ মিঃ* |
| ১৫. | বরগুনা নালা (খাকদোন নদী) | ৫ | বরগুনা নালা-২.৪০ মিঃ | দিবা/রাত্রি | | ৩.৮০ মিঃ* |
| ১৬. | বরিশাল-ঝালকাঠি-পাথরঘাটা | ১১৪ | পাথরঘাটা-৩.৮০ মিঃ | দিবা/রাত্রি | | ৩.৮০ মিঃ* |
| ১৭. | পটুয়াখালী-আমতলী | ৪১ | মির্জাগঞ্জ-২.০০ মিঃ | দিবা/রাত্রি | | ২.৭০ মিঃ* |
| ১৮. | হরিনা (চাঁদপুর)-আলুবাজার (ভায়া লক্ষীরচর) | ১০ | ভেড়াচাক্কি-(১) এবং ভেড়াচাক্কি-(২)-৩.০৫ মিঃ | দিবা/রাত্রি | | ৩.৬৬ মিঃ* |
| ১৯. | নারায়ণগঞ্জ-মতলব | ৫৯ | এখলাসপুর নালার মুখে-২.৭৪ মিঃ এবং জহিরাবাদ-কানুদী-২.৪৪ মিঃ | দিবা/রাত্রি | | ৩.০৫ মিঃ* |
| ২০. | ভোলা (ইলিশা)-(চররমনী নতুন খাড়ী) লক্ষীপুর ফেরীরুট (মজুচৌধুরীরহাট) | ২১ | চররমনী ড্রেজিং খাড়ী ২.৭৪ মিঃ | দিবা/রাত্রি | | ৩.৯৬ মিঃ* |
| ২১. | চাঁদপুর-মাওয়া-পাটুরিয়া/আরিচা | ১১৯ | কাছিকাটারচর-সুরেশ্বর, চান্ডিপুর-বাবুরচর-৩.৩৫ মিঃ এবং আন্ধারমানিক, বাহাদুরপুর-৪.০৩ | শুধু দিনে | ১,২,৭,৮ | ৩.৬৬ মিঃ* |
| ২২. | পাটুরিয়া-বাঘাবাড়ী | ৫০ | মোহনগঞ্জ (হুরাসাগর মুখ)-৩.৭৩ মিঃ | শুধু দিনে | | ৩.৫৩ মিঃ |
| ২৩. | পাটুরিয়া-রুপপুর/পাকশী | ১০২ | নাব্যতা সংকট নেই | শুধু দিনে | ৫,৬ | ৩.৯৬ মিঃ |
| ২৪. | (ক) পাটুরিয়া-সিরাজগঞ্জ (কাউলিয়া) | ৫০ | বাচামারা ও জোতপাড়া- ৩.১২ মিঃ এবং কাউলিয়া, চাপড়ীর চর, বেলির চর ও ছোট পিয়ারী-২.৪৪ মিঃ | শুধু দিনে | ১,২,৭,৮ | ২.২৭ মিঃ |
| | (খ) সিরাজগঞ্জ (কাউলিয়া)-দৈখাওয়া/সাহেবের আলগা | ২৭৭ | সাপের চর এবং দই খাওয়া-২.৫০মিঃ | শুধু দিনে | | ২.১৯ মিঃ |
| ২৫. | শিমুলিয়া-ইলিয়াছ আহম্মেদ চৌধুরী (বাংলাবাজার) ফেরী ঘাট | ১১ | হাজরা-২.৮৩ মিঃ | দিবা/রাত্রি | | ২.৪৩ মিঃ |
| ২৬. | শিমুলিয়া-মাঝিকান্দি | ১০ | পাইনচর টার্নিং ১.৮৩ মিঃ | দিবা/রাত্রি | | ১.৫২ মিঃ |
| ২৭. | পাটুরিয়া-দৌলতদিয়া ফেরী রুট | ৪.৫ | পাটুরিয়া এ্যাপ্রোচ চ্যানেল-৩.৯৬ মিঃ | দিবা/রাত্রি | | ৩.৭৬ মিঃ |
| ২৮. | নারায়ণগঞ্জ-ভৈরব | ৯৫ | নাব্যতা সংকট নেই | দিবা/রাত্রি | ৩,৪,৭,৮ | ৩.৯৬ মিঃ |
| ২৯. | ভৈরব-আজমেরীগঞ্জ | ১২৫ | ইকুরদিয়া ও বাঙ্গালপাড়া-৩.৮০ মিঃ | শুধু দিনে | ৩,৪,৭,৮ | ৩.২০ মিঃ |
| ৩০. | আজমেরীগঞ্জ-শেরপুর | ৭১ | রাণীগঞ্জ-(১) ৩.৬৬ মিঃ | শুধু দিনে | ৩,৪,৭,৮ | ৩.৫০ মিঃ |
| ৩১. | শেরপুর-জকিগঞ্জ | ১১৬ | আঙ্গুরা-৩.৫১ মিঃ | শুধু দিনে | ৩,৪,৭,৮ | ৩.৩৫ মিঃ |
| ৩২. | ভৈরব-ছাতক (ভায়া শিংপুর নালা) | ২৩০ | সাতাল-৩.৫১ মিঃ | শুধু দিনে | | ৩.৩৫ মিঃ |
| ৩৩. | সদরঘাট-মীরপুর ব্রীজ | ১৬ | চরবাড়ীর টেক-৫.৪০মিঃ | শুধু দিনে | | ৩.৬০ মিঃ |
| ৩৪. | মীরপুর ব্রীজ-আশুলিয়া | ১৩ | শানিরাবিল-৫.৪০ মিঃ | শুধু দিনে | | ৩.৬০ মিঃ |

*তারকা চিহ্নিত নৌ-পথের শোল এলাকাগুলো জোয়ারের সুবিধাসহ BIWTA এর পাইলট নিয়ে সতর্কতার সাথে চলাচলের জন্য অনুরোধ করা যাচ্ছে।

১। **<u>সতর্কতাঃ ১ নং (ক)</u>** নৌ-রুটঃ গত ০৭/০৭/২০২২ইং ও ০৮/০৭/২০২২ইং তারিখে বাঅনৌপক-ধ্রুবতারা জাহাজ দ্বারা যথাক্রমে বয়ারচর-১ লাইটেড বয়া (লাল বয়া লাল বাতি) ২২° ২৮.১৫৫ উত্তর এবং ০৯১° ০৬.৫৮২ পূর্ব অবস্থানে, আলোরমিছিল লাইটেড বয়া (লাল বয়া লাল বাতি) ২২° ২৬.৩৬০ উত্তর এবং ৯১° ০৮.২৮০ পূর্ব অবস্থানে এবং আক্তারবানু লাইটেড বয়া (লাল বয়া লাল বাতি) ২২° ১২.৪৮২ উত্তর এবং ৯১° ১৮.১৭৫ পূর্ব অবস্থানের বাতি পুনঃপ্রজ্জলন করা হয়েছে। এমতাবস্থায় চট্টগ্রাম-জনতাবাজার (চরগজারিয়া) নৌ-পথে চলাচলের সময় এবং উজানে সর্ব্বোচ্চ ৩.৯৬ মিটার ড্রাফট নিয়ে ভাষানচর শোল এলাকায় স্থাপিত ফুলতলা-১ রেক লাল বয়াকে বামে এবং ভাষানচর-১ রেক লাইটেড বয়াকে ডানে রেখে জোয়ার শুরুর কমপক্ষে ২ঘন্টা পর মাষ্টার পাইলটসহ সতর্ককতার সহিত উক্ত স্থান অতিক্রমের পরামর্শ দেয়া যাচ্ছে। উল্লেখ্য চট্রগ্রাম-চরগজারিয়া নৌ-পথে বালুবাহি বাল্কহেডে সকল ধরনের মালামাল বোঝাই করে চলাচলের জন্য প্রায়ই উক্ত নৌ-চ্যনেলে নৌ-দুর্ঘটনা ঘটছে পাশাপশি নৌ-চ্যানেলটি ঝুকির মধ্যে ফেলছে। উক্ত নৌ-পথে বালুবাহি বাল্কহেড চলাচল বন্ধ করন এবং বাল্কহেডে মালামাল পরিবহন না করার জন্য আইনপ্রয়োগকারী সংস্থাসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে। পানি বৃদ্ধি পাওয়ায় পোস্তগোলা ব্রীজের ক্ষতিগ্রস্থ ১১ ও ১২ নং পিলারের মাঝ দিয়ে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সকল প্রকার নৌ-যানসমূহকে চলাচলে নিষেধাজ্ঞা প্রদান করা যাচ্ছে।

**<u>সতর্কতাঃ ১ নং (খ) নৌ-রুটঃ</u>** চাঁদপুর/নারায়ণগঞ্জ/মেঘনাঘাট নৌ-পথে গত ০৫/০৮/২০২১ তারিখে মহিষেরচর একটি সবুজ বয়া ও বাহাদুরপুর একটি লাল বয়া স্থাপন করা হয়েছে। চাঁদপুর থেকে ঢাকা/নারায়ণগঞ্জ/মেঘনাঘাট গামী সকল নৌ-যানকে মহিষেরচর সবুজ বয়াকে ডানে, আমিরাবাদ ও বাহাদুরপুর লাল বয়াকে বামে রেখে সাবধানতার সাথে চলাচল করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। চাঁদপুর-মাওয়া নৌ-পথের বাবুরচর একটি লাল লাইটেড বয়া স্থাপন করা হয়েছে। যা চাঁদপুর হতে মাওয়া (উজানে) যেতে বামে রেখে সাবধানতার সাথে চলাচলের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

২। **<u>সতর্কতাঃ ২ নং নৌ-রুটঃ</u>** এতদ্বারা সংশ্লিষ্ট সকল নৌ-যানের মালিক/মাষ্টার/ড্রাইভারসহ নৌ-অপারটরদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বুড়িগঞ্জা নদীর আলীগঞ্জ এলাকায় রেলওয়ে ব্রীজের নির্মাণ কাজ চলমান থাকায় নিরাপদ নৌ-চলাচলের লক্ষ্যে নির্মাণাধীন রেল ব্রীজের উজানে ও ভাটিতে ডান পার্শ্বে ৬টি সবুজ লাইটেড বয়া এবং বাম পার্শ্বে ৬টি লাল লাইটেড বয়া স্থাপন করা হয়েছে। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সকল ধরনের নৌ-যানকে স্থাপিত বয়াসমূহ যথাযথভাবে অনুসরনপূর্বক এবং চলাচলকারী অন্যান্য নৌ-যানসমূহ হতে নিরাপদ দুরত্ব বজায় রেখে অতি সতর্কতার সাথে উক্ত এলাকা অতিক্রমের জন্য অনুরোধ করা যাচ্ছে। Padma Bridge Rail Link Project (CREC) কর্তৃক কুচিয়ামারা, ধলেশ্বরী নদীর উপর নির্মিতব্য ৭নং ব্রীজের নির্মাণ কাজের সুবিধার্থে নদীর ২টি চ্যানেলে দিবা ও রাত্রিকালীন সুষ্ঠুভাবে নৌ-যান চলাচলের জন্য প্রয়োজনীয় বয়া, বাতি স্থাপনসহ প্রয়োজনীয় মার্কিং করা হয়েছে। ব্রীজটির নির্মাণ কাজ শেষ না হওয়া পর্যন্ত সকল নৌ-যানকে অতি-সতর্কতার সহিত ধীর গতিতে উক্ত এলাকা অতিক্রম করার জন্য নির্দেশ দেওয়া যাচ্ছে।

৩। **<u>সতর্কতা ঃ-৪ নং (ক) নৌ-রুটঃ</u>** জনতাবাজার-চাঁদপুর ও জনতাবাজার-বরিশাল নৌ-পথের ইলিশা (তুলাতলী) একটি লাল লাইটেড বয়া স্থাপন করা হয়েছে। জনতাবাজার-চাঁদপুর যাওয়ার পথে বয়াটি হাতের বামে এবং বরিশাল যাওয়ার পথে বয়াটি হাতের ডানে, জনতাবাজার-চাঁদপুর নৌ-পথে ২০/১১/২০২১ইং তারিখে বঙ্গেরচরে একটি লাল লাইটেড বয়া স্থাপন করা হয়েছে। চাঁদপুর আসার পথে বয়াটি হাতের বামে রেখে সতর্কতার সাথে চলাচল করার পরামর্শ দেয়া যাচ্ছে। ৩১/১২/২০ তারিখে উলানিয়া ড্রেজিং খাড়িতে ২টি লাইটেড বয়া ও ২টি স্ফেরিক্যাল বয়া স্থাপন করা হয়েছে। চাঁদপুর/ঢাকা থেকে বরিশাল/অন্যান্য স্থানে যাওয়ার সময় সকল বয়া হাতের ডানে রেখে সর্তকতার সাথে চলাচল করার পরামর্শ দেয়া যাচ্ছে। এছাড়া গত ১৩/০৫/২০২২ইং তারিখে চাঁদপুর-জনতাবাজার নৌ-পথে বঙ্গেরচর নামকস্থানে একটি সবুজ লাইটেড বয়া স্থাপন করা হয়েছে। বয়াটিকে চাঁদপুর আসার পথে হাতের ডানে রেখে চলাচল করার জন্য অনুরোধ করা যাচ্ছে। গত ০৯/০৯/২২ তারিখ মিয়ারচরের আপে এবং বাইরে একটি লাল লাইটেড বয়া স্থাপন করা হয়েছে। বরিশাল এবং সেলিমবাজার হতে চাঁদপুর আসতে বয়াটি হাতের বামে রেখে চলাচল করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

সতর্কতা ঃ-৪ নং (খ) চরবাড়িয়া হতে ০১ কিঃ মিঃ আপে বিদ্যুৎ বিভাগের ০৩টি পিলারের পাইল লেগের মধ্যে ০১টির সবুজ বাতি লাগানো হয়েছে। উক্ত পিলারদ্বয়কে বরিশাল হতে ঢাকা যেতে হাতের ডানে এবং ঢাকা থেকে বরিশাল আসতে হাতের বাম পার্শ্বে রেখে সাবধানে চলাচরের জন্য নির্দেশ দেয়া যাচ্ছে। চরবাড়িয়া ডুব চরে ০২টি স্ফেরিক্যাল বয়া স্থাপন করা হয়েছে। উক্ত বয়া ০২টি বরিশাল হতে ঢাকা যেতে হাতের ডানে ঢাকা হতে বরিশালে আসতে হাতের বামে রেখে চলাচলের জন্য নির্দেশ করা যাচ্ছে। পোটকারচর নামক স্থানে (শায়েস্তাবাদ নালার মুখে) ট্রার্নিং পয়েন্টে পোর্টহ্যান্ড সাইডে ০১টি লাল লাইটেড বয়া এবং বাগরজা (চরশিবলী) স্থানে (ষ্টারবোর্ড সাইডে) ০১টি সবুজ লাইটেড বয়া স্থাপন করা হয়েছে। বাউশিয়া নামক স্থানে স্থাপিত লাইটেড বয়াটি স্থানান্তর করে লতাখালের মুখে পুন:স্থাপন করে সবুজ বাতি দেয়া হয়েছে। লতাখাল নামক পুন:স্থাপিত সবুজ বয়াটি বরিশাল হতে ঢাকা যেতে হাতের ডান পার্শ্বে রেখে সাবধানে চলাচলের জন্য নির্দেশ দেয়া হয়েছে। নেভিগেশন রুলস অনুযায়ী সাবধানে চলাচলের জন্য নির্দেশ প্রদান করা যাচ্ছে। বামনীরচর নামক স্থানে একটি লাল লাইটেড বয়া এবং নলবুনিয়া নামক স্থানে একাট সবুজ লাইটেড বয়া স্থাপন করা হয়েছে। বরিশাল হতে ঢাকাগামী সকল নৌ-যানকে উক্ত বয়া ২টি যথাক্রমে হাতের বামে ও ডানে রেখে চলাচল করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৪। **<u>সতর্কতাঃ ৭ নং নৌ-রুটঃ</u>** বরিশাল-পায়রা বন্দর (দুর্গাপাশা-দশমিনা-চরকাজল হয়ে) নৌ-পথের সাচরা নামক স্থানে একটি সবুজ লাইটেড বয়া এবং পানপট্রি নামক স্থানে একটি লাল লাইটেড বয়া স্থাপন করা হয়েছে। পায়রাবন্দর হতে লেংগুটিয়া/বরিশালগামী সকল জাহাজকে উক্ত বয়া দুটি যথাক্রমে হাতের ডানে ও বামে রেখে সর্তকতার সাথে চলাচল করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৫। **<u>সতর্কতাঃ ৮ নং নৌ-রুটঃ</u>** এতদ্বারা সংশ্লিষ্ট সকল নৌ-যানের মালিক/মাষ্টার/ড্রাইভারসহ নৌ-অপারটরদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মংলা-ঘাষিয়াখালী নৌ-পথের বুড়িরডাংগা নামক স্থানের ৮০০ ফিট এলাকায় নাব্যতা সংকট থাকায় গত ২০/০২/২০২২ইং তারিখ হতে পরবর্তী ৭দিন উক্ত নৌ-পথে রাত্রিকালীন তথা সন্ধা ১৮০০ ঘটিকা হতে ভোর ০৬০০ ঘটিকা পর্যন্ত নৌ-চলাচল বন্ধ ছিল কিন্তু ড্রেজিং কার্যক্রম গত ২৭/০২/২০২২ইং তারিখে সম্পন্ন হওয়ায় নৌ-পথটিতে যথারীতি দিবা-রাত্রি নৌ-যান চলাচল শুরু করা হয়েছে। এছাড়া খুলনা রুপসা নদীর নৌ-পথে ব্রীজ নির্মাণ কাজ চলমান রয়েছে। ইতোপূর্বে ৭২/৭৩ এর মধ্যবর্তী পিয়ারের ভিতর দিয়ে নৌ-যান চলাচল করত। কিন্তু বর্তমানে ব্রীজের ৭২/৭৩ পিয়ারের উপরের অংশের নির্মাণ কাজ শুরু হবে বিধায় নিরাপদ নৌ-চলাচলের স্বার্থে উক্ত পিয়ারের পরিবর্তে ৭১/৭২ নং পিয়ারের মধ্য দিয়ে নৌ-যান চলাচলের জন্য অনুরোধ করা যাচ্ছে। মংলা-ঘাষিয়াখালী নৌ-পথের উলুবুনিয়া নামক স্থানে গত ১২/০৬/২০২২ তারিখে ব্যক্তি মালিকানাধীন কনফিডেন্স ড্রেজারের হাউজ বোট উল্টে গিয়ে ডুব যায়। ডুবন্ত হাউজ বোটকে চিহ্নিত করনের লক্ষে উক্ত স্থানকে বয়া ও লাল পতাকা দ্বারা মার্কিং করা হয়েছে। সকল নৌ-যানকে মংলা-ঘাষিয়াখালী যাওয়ার পথে উক্ত বয়াকে হাতের ডানে এবং ঘাষিয়াখালী-মংলা আসার পথে উক্ত বয়াকে হাতের বামে রেখে সর্তকতার সাথে চলাচল করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৬। **<u>সতর্কতাঃ ১০নং (ক)</u>** নৌ-রুটঃ অভয়নগর থানার নিকট শেখ ব্রাদার্স ঘাটের অপর পার্শ্বে বৃটিশ আমলে নির্মিত নীল কুটিরের অংশ বিশেষ ভেঙ্গে নদী গর্ভে পড়ে আছে। নৌ-দুর্ঘটনা এড়ানোর লক্ষে গত ১৯/১২/২০১৮ইং তারিখ উক্ত স্থানে একটি জিআরপি রেক বয়া স্থাপন করা হয়েছে। খুলনা হতে নওয়াপাড়াগামী সকল নৌ-যান সমুহকে উক্ত রেক বয়াকে হাতের ডানে এবং নওয়াপাড়া হতে খুলনাগামী নৌ-যান সমূহকে উক্ত রেক বয়াকে হাতের বামে রেখে বিআইডব্লিউটিএ'র পাইলট নিয়ে সতর্কতার সাথে চলাচল করার পরামর্শ দেয়া যাচ্ছে।

৭। **<u>সতর্কতাঃ ১০ নং নৌ-রুটঃ (খ)</u>** এতদ্বারা সংশ্লিষ্ট সকল নৌ-যানের মালিক/মাষ্টার/ড্রাইভারসহ নৌ-অপারটরদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খুলনা-নওয়াপাড়া নৌ-পথের পীরবাড়িঘাট এলাকায় গত ০৩/০২/২০২২ইং তারিখে "এমভি শারিব বাধন" নামের একটি সারবাহী কার্গো জাহাজ ডুবে যায়; যার ভৌগোলিক অবস্থান 23°01'32.3"N এবং 89°24'18.1"E। ডুবন্ত নৌ-যানটিকে চিহ্নিত করনের লক্ষ্যে নৌ-যানটির সামনে ও পিছনে লাল পতাকাসহ রেকবয়া স্থাপন এবং ক্লোজ মার্কিং করা হয়েছে। খুলনা হতে নওয়াপাড়া ফেরীঘাটের দিকে যাওয়ার সময় ডুবন্ত নৌ-যানটিকে হাতের বামে এবং নওয়াপাড়া হতে খুলনা আসার সময় ডুবন্ত নৌ-যানকে হাতের ডানে রেখে সাবধানতার সাথে চলাচল করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

৮। **<u>সতর্কতাঃ ১৮নং নৌ-রুটঃ</u>** চাঁদপুর/হরিনা হতে আলুবাজারগামী নৌ-যানসমূহকে লক্ষীরচর টাওয়ার বিকনটিকে বামে রেখে চলাচল করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৯। **<u>সতর্কতাঃ ১৯নং নৌ-রুটঃ</u>** চাঁদপুর-নারায়নগঞ্জ/মেঘনাঘাট নৌ-পথে গত ০৫/০৮/২০২১ তারিখে মহিষেরচর এলাকায় একটি সবুজ বয়া বাহাদুরপুর এলাকায় একটি লাল বয়া স্থাপন করা হয়েছে। চাঁদপুর হতে-ঢাকা/নারায়নগঞ্জ/মেঘনাঘাটগামী সকল নৌ-যানসমুহকে মহিয়েরচর সবুজ লাইটেড বয়াকে হাতের ডানে এবং আমিরাবাদ ও বাহাদুরপুর লাল লাইটেড বয়াকে বামে রেখে সাবধানতার সাথে চলাচল করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

১০। **<u>সতর্কতাঃ ২০ নং নৌ-রুটঃ</u>** গত ২২/১১/২১ইং তারিখে বিরবিরি এলাকায় একটি সবুজ লাইটেড বয়া স্থাপন করা হয়েছে। বয়াটির উভয় পাশ দিয়ে চলাচল করা যাবে। মজুচৌধুরীরহাট-ইলিশা ফেরী রুটে চররমনী সংক্ষিপ্ত ফেরী প্রয়োজনীয় সংখ্যক বিকন এবং অন্যান্য মার্কা স্থাপন করা হয়েছে। ফেরীসমূহকে সাবধানতার সাথে চলাচল করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। ইলিশা ফেরী ঘাটের সামনে একটি ডুবোচরের সৃষ্টি হয়েছে। উক্ত নৌ-পথে চলাচলকারী সকল নৌ-যানকে তুলাতুলিতে স্থাপিত লাল বয়াকে উজান/ভাটি দিয়ে চলাচল করার পরামর্শ দেয়া যাচ্ছে।

১১। **সতর্কতাঃ ২১ নং (ক) নৌ-রুটঃ** চাঁদপুর-মাওয়া নৌ-পথে সর্বোচ্চ-৩.৬৬ মিঃ ড্রাফট সীমার নৌ-যান গুলোকে পূর্ণ জোয়ারেরর সুবিধা নিয়ে এবং মাওয়া-পাটুরিয়া নৌ-পথে ৩.৮৩ মিঃ ড্রাফট সীমা চলাচল করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে। এছাড়া গত ১০/১২/২০২১ইং তারিখে চাঁদপুর-মাওয়া নৌ-পথে বাবুরচর এলাকায় একটি স্পেরিক্যাল বয়া স্থাপন করা হয়েছে। মাওয়া যাওয়ার সময় উক্ত বয়াটি হাতের ডানে রেখে চলাচল করার জন্য নির্দেশ প্রদান করা যাচ্ছে।

**সতর্কতাঃ ২১ নং (খ) নৌ-রুটঃ** এতদ্বারা সকল নৌ-যানের মালিক/মাষ্টার/ড্রাইভারসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিমুলিয়া-মাঝিকান্দি, শিমুলিয়া-পাটুরিয়া এবং শিমুলিয়া-চাঁদপুর নৌ-পথে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন "পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ (পিজিসিবি) লিঃ" কর্তৃক "আমিনবাজার-মাওয়া-মংলা ৪০০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় "পদ্মা রিভার ক্রসিং ৪০০ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন এর নির্মাণ" কাজ শেষ পর্যায়ে রয়েছে। উক্ত সঞ্চালন লাইনটির টাওয়ার পদ্মা নদীর উত্তর-পূর্ব প্রান্তে কুমারভোগ-লৌহজং, মুন্সিগঞ্জ এবং দক্ষিন-পশ্চিম প্রান্তে নওডোবা (মাঝিরঘাট), জাজিরা, শরিয়তপুর এলাকা বরাবর নদীর অভ্যন্তরে নির্মাণ করা হচ্ছে। উক্ত টাওয়ারের নির্মাণ কাজ শেষে আলোচ্য সঞ্চালন লাইনটির ষ্ট্রিংগিং (তার টানা) কাজ নিম্নবর্নিত সময় সুচী অনুযায়ী সম্পন্ন করা হবে:-

| নদীর নাম | টাওয়ার নং | রিভার ক্রসিং টাওয়ারের অবস্থান (জিপিএস কো-অর্ডিনেট) | | Height of bottom conductor from HFL (Meter) | সম্ভাব্য সময়সুচী |
|---|---|---|---|---|---|
| | | উ | ঘ | | |
| পদ্মা | ৬ | 221989.117 | 2591233.346 | 26 m | ০১/১০/২০২২ইং হতে ৩১/১০/২০২২ইং ইং |
| | ৭ | 222080.591 | 2592051.620 | 26 m | |
| | ৮ | 222172.619 | 2592874.862 | 26 m | |
| | ৯ | 222264.648 | 2593698.104 | 26 m | |
| | ১০ | 222356.677 | 2594521.346 | 26 m | |
| | ১১ | 222448.705 | 2595344.588 | 26 m | |
| | ১২ | 222540.734 | 2596167.830 | 26 m | |
| | ১৩ | 222632.763 | 2596991.072 | 26 m | |
| | ১৪ | 222721.459 | 2597784.501 | 26 m | |

এমতাবস্থায়, রামপাল ও পায়রা বিদ্যুৎ কেন্দ্র হতে উৎপাদিত বিদ্যুৎ সঞ্চালনের লক্ষ্যে "আমিনবাজার-মাওয়া-মংলা ৪০০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ" প্রকল্প নির্ধারিত সময়ে সম্পন্ন করার স্বার্থে উপরোক্ত ছকে উল্লেখিত স্থানসমূহে আগামী ০১/১০/২০২২ইং হতে ৩১/১০/২০২২ইং তারিখ পর্যন্ত শিমুলিয়া-মাঝিকান্দি, শিমুলিয়া-পাটুরিয়া এবং শিমুলিয়া-চাঁদপুর নৌ-পথে চলাচলকারী নৌ-যানসমূহকে নৌ-দুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে পিজিসিবি কর্তৃক স্থাপিত নৌ-সহায়ক যন্ত্রপাতি অনুসরন পূর্বক ও বিআইডব্লিউটিএ'র পাইলটসহ অতি-সাবধানতার সাথে চলাচল করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

১২। **সতর্কতাঃ ২২ নং নৌ-রুটঃ** পাটুরিয়া-বাঘাবাড়ী যেতে ১ নং টাওয়ারকে বামে রেখে এবং বাঘাবাড়ী হতে পাটুরিয়া আসতে ১ নং টাওয়ারকে ডানে রেখে এবং আরিচা-কাউলিয়া যেতে-আসতে ৯ ও ১০ নং টাওয়ারের মধ্য দিয়ে প্রবাহিত নৌ-পথে পূর্ব পশ্চিম আন্তঃ সংযোগ বৈদ্যুতিক তারের নীচ দিয়ে অতিক্রম করার সময় সকল প্রকার নৌ-যানগুলোকে বৈদ্যুতিক তারের স্পর্শ হতে বাঁচার জন্য সর্বনিম্ন ৬৮.০০ ফুট এবং পদ্মা নদীর লালনশাহ সেতু ৫১.০০ ফুট, হার্ডিঞ্জ ব্রীজ ৫১.২০ এবং বাঘাবাড়ী বড়াল নদীর ব্রীজের নিচ দিয়ে ২৯.০০ ফুট ভার্টিক্যাল ক্লিয়ারেন্স বজায় রেখে চলতে হবে। এছাড়া মাওয়া-সিএন্ডবি ঘাট নৌ-পথে গোপালপুরঘাট, বিশুমাতবর ডাঙ্গি, ভজনডাঙ্গা ও সিএন্ডবিঘাট, মাওয়া-পাটুরিয়া নৌ-পথে নারিশা এবং পাটুরিয়া-বাঘাবাড়ি নৌ-পথের কল্যানপুর খেয়াঘাট এলাকায় নদীর তলদেশ দিয়ে পল্লী বিদ্যুতায়ন বোর্ড ফরিদপুর, দোহার এবং পাবনা কর্তৃক বৈদ্যুতিক তার (সাবমেরিন ক্যাবল) অতিক্রম করেছে বিধায় মাওয়া-সিএন্ডবিঘাট, মাওয়া-পাটুরিয়া এবং পাটুরিয়া-বাঘাবাড়ি নৌ-পথে চলাচলকারী নৌ-যানসমূহকে (গোপালপুরঘাট, বিশুমাতবর ডাঙ্গি, ভজনডাঙ্গা ও সিএন্ডবিঘাট, মাওয়া-পাটুরিয়া নৌ-পথে নারিশা এবং পাটুরিয়া-বাঘাবাড়ি নৌ-পথের কল্যানপুর খেয়াঘাট) এলাকাগুলো সতর্কতার সহিত অতিক্রমের জন্য অনুরোধ করা হল।

১৩। **সতর্কতাঃ ২৪ নং নৌ-রুটঃ** বর্তমানে নদীর পানি ক্রমান্বয়ে বৃদ্ধি পাওয়ায় বিভিন্ন ডুবোচর জাগ্রত হওয়ায় কাউলিয়া হতে সাহেবের আগলা পর্যন্ত নৌ-পথের শোলগুলো অতিক্রম করার সময় জাহাজসমূহ নিরাপদ দুরত্ব রেখে খুব সাবধানতার সাথে চলাচল করবে। বর্তমানে বঙ্গবন্ধু সেতুর পশ্চিম পাড় হতে পিলার নং-০৯ ও ১০ এর মাঝ দিয়ে জাহাজ সমূহ অতিক্রম করবে।

১৪। **সতর্কতাঃ ২৫ নং নৌ-রুটঃ** শিমুলিয়া-বাংলাবাজার নৌ-পথে দিবা-রাত্রী ফেরী চলাচল করছে। ফেরী চলাচলের জন্য আপের পিয়ার নং ১৪-১৬ তবে টার্গেট ১৪-১৫ এবং ডাউনে ১৯-২১ তবে টার্গেট ১৯-২০। লঞ্চ ও অন্যান্য নৌ-যানের জন্য আপে ১৬-১৭ এবং ডাউনে ১৭-১৮ নির্ধারিত করা রয়েছে। উল্লেখ্য যে, চলমান কাজের কারণে স্প্যানের মাঝে কখনও বার্জ স্থাপন এবং রশি ঝুলানো থাকতে পারে সে ক্ষেত্রে সেনাবাহিনীর টহলরত স্পীড বোটের সাথে ভিএইচএফ এর মাধ্যমে যোগাযোগ করে সতর্ককতার সাথে পার্শ্ববর্তী স্প্যান ব্যবহার করে নিরাপদে পদ্মা সেতু অতিক্রম করা যেতে পারে।

১৫। **সতর্কতাঃ ৩২-৩৩ নং নৌ-রুটঃ** এতদ্বারা সংশ্লিষ্ট সকল নৌ-যানের মালিক/মাষ্টার/ড্রাইভারসহ নৌ-অপারেটরদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তুরাগ নদীর সদরঘাট-আশুলিয়া নৌ-পথের গাবতলীতে নতুন ব্রীজ নির্মাণ করা হচ্ছে। উক্ত স্থান দিয়ে নৌ-যানসমূহকে অতিক্রমের সময় অত্যান্ত সতর্কতার সাথে চলাচলের জন্য অনুরোধ করা যাচ্ছে।

**বিঃ দ্রঃ-বিস্তারিত জানার জন্য নিম্নলিখিত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলঃ**


১। বিআইডব্লিউটি'র হট লাইন নং-১৬১১৩
২। পরিচালক (নৌ-সওপ), ফোন নং- ৯৫৫০৯১৮, মোবাঃ ০১৭১৬-০২৬৭০৪
৩। অতিরিক্ত পরিচালক (নৌ-পথ), ফোন নং- ৯৫৫৭০৬০, মোবাঃ ০১৭০১-৭৪০৭৭৫
৪। যুগ্ম-পরিচালক (নৌ-সওপ), সদরঘাট ফোন নং-৭১১৩৬৫০, মোবাঃ ০১৭১১-২৬৬০২৬
৫। যুগ্ম-পরিচালক (নৌ-সওপ), চাঁদপুর ফোন নং-০৮৪১/৬৩২৮৩, মোবাঃ ০১৭৫২-৯৬৯৫০২
৬। যুগ্ম-পরিচালক (নৌ-সওপ), বরিশাল ফোন নং-০৪৩১/৬৩৬৭৩, মোবাঃ ০১৯১৮-১৬২০৮৬
৭। যুগ্ম-পরিচালক (নৌ-সওপ), চট্টগ্রাম ফোন নং-০৩১/৬১০৬০০, মোবাঃ ০১৭১৬-৪৫২৪৪৫
৮। যুগ্ম-পরিচালক (নৌ-সওপ), আরিচা ফোন নং-৭৭১৬০৫২, মোবাঃ ০১৭১২-০৬১৬৪০
৯। যুগ্ম-পরিচালক (নৌ-সওপ), খুলনা ফোন নং-০৪৩১/৭২০৩৪০, মোবাঃ ০১৯৯০-৯২৬৪০১
১০। যুগ্ম-পরিচালক (নৌ-সওপ), সিরাজগঞ্জ ফোন নং- ০৭৫১/৬২২৫৯, মোবাঃ ০১৭১৮-৭৩৩১৪৪


- * দক্ষ/আভজ্ঞ সনদধারা মাষ্টার দ্বারা নো-যান পারচালনা করুন।
- * পথিমধ্যে কাল বৈশাখী/স্থানীয় ঝড়ের আশংকা থাকলে নৌ-যান নিরাপদ স্থানে ভিড়িয়ে অপেক্ষা করুন।
- * রাতের বেলায় বিশেষ সতকতার সাথে নো-যান পারচালনা করুন।

পরিচালক
নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ
বিআইডব্লিউটিএ।